

আইন অমান্যকারী বিশ্ববিদ্যালয় বন্ধ করা হবে

শিক্ষামন্ত্রী

■ সমকাল প্রতিবেদক
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, কোনো শিক্ষা প্রতিষ্ঠানকে জঙ্গিবাদে জড়িয়ে পড়তে দেওয়া হবে না। বেসরকারি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের অভ্যুদয়, ইতিহাস ও বাংলা পড়াতেই হবে। যেসব বিশ্ববিদ্যালয় আইন মানবে না, সেগুলোকে আমরা বন্ধ করে দেব।
গতকাল সোমবার রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে মানববন্ধনে অংশগ্রহণকালে গণমাধ্যমের কাছে তিনি এ কথা বলেন। মানববন্ধন থেকে জঙ্গিবাদের বিরুদ্ধে সামাজিক সচেতনতা ও আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান শিক্ষামন্ত্রী।
গুলশান ■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

আইন অমান্যকারী

[তৃতীয় পৃষ্ঠার পর]
হামলার এক মাস পূর্তিতে দেশের সব উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের উদ্যোগের অংশ হিসেবে ওই মানববন্ধনের আয়োজন করা হয়।

তিনি বলেন, কোনো ছেলে যেন বিক্রান্তির পথে না যায় সে জন্য শিক্ষক ও অভিভাবকদের সদা সতর্ক থাকতে হবে। জঙ্গিবাদীদের কার্যক্রম যে বাস্তবসম্মত নয়, সেটা জানাতে হবে। মানুষ হত্যা করে বেহেশতে যাওয়ার কোনো সম্ভাবনা নেই, তা ওদের বোঝাতে হবে।

মন্ত্রী বলেন, শুধু আইন দিয়ে জঙ্গিবাদ, সন্ত্রাস বন্ধ করা যাবে না। এ জন্য সামাজিক সচেতনতা ও সামাজিক আন্দোলন গড়ে তুলতে হবে। পর্যায়ক্রমে স্কুলভিত্তিক কমিটি গঠন করেও জঙ্গিবাদবিরোধী কার্যক্রম চালানো হবে বলে মন্ত্রী জানান।

শিক্ষকদের উদ্দেশে শিক্ষামন্ত্রী আরও বলেন, আপনাদের শিক্ষার্থীদের প্রতি নজর রাখুন। অভিভাবকদের প্রতি অনুরোধ, সন্তানদের প্রতি নজর রাখুন। নতুন প্রজন্মকে রক্ষা করা আমাদের সবার দায়িত্ব।

মানববন্ধনে ইউজিসি চেয়ারম্যান আবদুল মান্নান বলেন, বিশ্ববিদ্যালয়গুলোতে জঙ্গিবাদ প্রতিরোধে উপাচার্যদের সঙ্গে মতবিনিময় এবং ঐক্যবদ্ধ ধারাবাহিক কর্মসূচির অংশ হিসেবে এ মানববন্ধনের আয়োজন করা হয়েছে। কোনো বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ পাওয়া গেলে ইউজিসি তদন্ত করে শিক্ষা মন্ত্রণালয়কে জানাবে।